

fopark

১৪

## আজ সারাদেশে ডিগ্রী পরীক্ষা শুরু

### স্টাফ রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পাস, স্নাতকসিদ্ধিয়ারি ও সার্টিফিকেট কোর্সের পরীক্ষা আজ (সোমবার) সকাল ১০টার বাংলা পরীক্ষার মধ্যদিয়ে শুরু হচ্ছে। এ পরীক্ষা ২৪ এপ্রিল পর্যন্ত চলবে। এবারের পরীক্ষায় মোট এক হাজার ৩শ' ১৬টি কলেজের এক লাখ ৯০ হাজার ৭শ' ২০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। মোট কেন্দ্রের সংখ্যা ৪শ' ৭৯টি। পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছে- সি.এ ৯৮ হাজার ১১-এর পূঃ ৬-এর কঃ সেখুন

## আজ সারাদেশে ডিগ্রী

### ১১-এর পূর্বাংক

৪শ' ৫৯ জন, বিএসএস ৩৯ হাজার ৫৭ জন, বিএসসি ১০ হাজার ৩শ' ৫৪ জন, বিকম ৪০ হাজার ১৯ জন, বিমিউজিক ৭১ জন, বিশোটিস ৫০ জন, স্নাতকসিদ্ধিয়ারি ৪ হাজার ৮শ' ৯ জন এবং সার্টিফিকেট কোর্সে ৮শ' ২৪ জন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ওয়াকিল আহমদ আজ বেলা সাড়ে ১০টার ইতেন মহিলা কলেজ কেন্দ্র পরিদর্শন করেন বলে জানা গেছে।

শিক্ষকদের পরিবর্তে কর্মকর্তারা পরিদর্শক হচ্ছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ থেকে শুরু হওয়া ডিগ্রী পরীক্ষায় শিক্ষকদের পরিবর্তে কর্মকর্তাদের নিয়ে পরিদর্শক দল গঠন করা হচ্ছে বলে জানা গেছে। একাত্তরিক সিদ্ধিয়ারি অনুযায়ী শিক্ষকদের সবচেয়ে পরিদর্শক দল গঠন হওয়ার কথা। কিন্তু প্রভাবশালী মহলের চাপে এবার শিক্ষক ছাড়াই প্রশাসনিক কর্মকর্তাদের নিয়ে পরিদর্শক দল গঠিত হচ্ছে। অথচ জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রায় ৭ হাজার শিক্ষক কর্মরত থাকলেও তাদের কাউকেই পরিদর্শক দলে রাখা হয়নি। অভিযোগ উঠেছে তদুন্নয়ন টিএডিএ এবং অন্যান্য আর্থিক সুবিধার লোভে একাত্তরীত কর্মকর্তার যোগসাজশে এই অনিয়ম করা হচ্ছে।

কর্মকর্তা-কর্মচারীদের এসোনিয়েশন পুথি পরিচালনা হওয়ার শিক্ষকরাও এ ব্যাপারে কর্মকর্তার কাছে অভিযোগ করেও কোন সমাধান পাচ্ছেন না।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতকসিদ্ধিয়ারি প্রফেসর ড. ওয়াকিল আহমদের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, অভিযোগটি সত্য নয়। এখনও কোন পরিদর্শক দল গঠিত হয়নি। বিষয়টি এখনও প্রক্রিয়াধীন রয়েছে। আমার নির্দেশ হয়েছে শিক্ষক এবং কর্মকর্তাদের সম্মিশ্রণেই পরিদর্শক দল গঠনের। তিনি আরো জানান, বিশ্ববিদ্যালয়ের কেউ অভিযোগ নিয়ে আনার কাছে আসেননি। কোন অনিয়ম বা অভিযোগ থাকলে সমাধানের জন্য আমাকে জানানো উচিত। যদি বিশ্ববিদ্যালয়ের জবমুখি স্তর করার জন্য কেউ এ রকম মিথ্যা অভিযোগ রচিয়ে থাকে তাহলে বিষয়টি দুঃস্বপ্নক।

নাম প্রকাশে অনিচ্ছুক জৈনিক শিক্ষক জানান, আগে বিশ্ববিদ্যালয়ে শিক্ষক না থাকায় কর্মকর্তাদের নিয়ে পরিদর্শক দল গঠন করা হতো। কিন্তু এখন শিক্ষক থাকায় অন্য কাউকে নিয়ে পরিদর্শক দল গঠন করা যায় না। একাত্তরিক ও পরীক্ষার বিভিন্ন বিষয়ে শিক্ষকদেরই পরিপূর্ণ ধারণা রয়েছে।